भारतीय रिज़र्व बैंक
RESERVE BANK OF INDIA
www.rbi.org.in

RBI/2016-17/183
DBR.AML.BC.48/14.01.01/2016-17

ডিসেম্বর 15, 2016

সকল নিয়ন্ত্রণাধীণ সংস্থা

মাননীয় মহাশয়/মহাশয়া,

**আপনার গ্রাহককে জানুন (কেওয়াইসি) বিধির উপর পূর্ণাঙ্গ নির্দেশিকার বিধানসমূহের অনুপালন**

**আপনার গ্রাহককে জানুন (কেওয়াইসি) বিধির উপর পূর্ণাঙ্গ নির্দেশিকার** নিম্নলেখিত বিধানগুলি দেখুন:

(i) ধারা 8(d) এবং (e), যেখানে উল্লেখ করা হয়েছে যে নিয়ন্ত্রণাধীন সংস্থার (আরই) অনুষঙ্গী/আভ্যন্তরীণ অডিট ব্যবস্থাকে কেওয়াইসি/এএমএল নীতি ও পদ্ধতির অনুপালন ক্রিয়া যাচাই করতে হবে এবং ত্রৈমাসিক ভিত্তিতে অডিট নোট এবং অনুপালন সম্পর্কিত তথ্যাদি অডিট কমিটির কাছে জমা করতে হবে।

(ii) ধারা 23, যেখানে 'ক্ষুদ্র অ্যাকাউন্ট' ('স্মল অ্যাকাউন্ট')-এর কাজকর্মের উপর নির্দেশবিধি প্রদত্ত আছে

(iii) ধারা 67, যেখানে বলা হয়েছে যে ব্যাঙ্কের প্রতি প্রযোজ্য আয়কর (আই.টি.) বিধি 114B-র বিধান (যেমনভাবে সময়ে সময়ে সংশোধিত হবে) অনুসারে লেনদেন কার্য সম্পাদন করার সময় গ্রাহকদের পারমানেন্ট অ্যাকাউন্ট নাম্বার (প্যান) সংগ্রহ এবং যাচাই করতে হবে। যেসব ব্যক্তির প্যান নেই তাঁদের থেকে ফর্ম 60 সংগ্রহ করতে হবে। স্পষ্টীকরণ করা হয়েছে যে আই.টি. বিধি 114B-র নিয়মানুসারে লেনদেন কার্যের মধ্যে ব্যাঙ্ক, এনবিএফসি ইত্যাদিতে অ্যাকাউন্ট খোলা অন্তর্ভুক্ত।

2. এই বিষয়টির প্রতি আরবিআই-এর দৃষ্টি আকর্ষণ করা হয়েছে যে কিছু কিছু ক্ষেত্রে উপরের বিধানগুলির অনুপালন নিশ্চিত করা হচ্ছে না। সেদিকে নজর রেখে, আরই সমূহকে নিম্নলিখিত নির্দেশগুলি দেওয়া হচ্ছে:

(i) তারা পূর্ণাঙ্গ নির্দেশিকার ধারা 8(d) এবং (e)-তে বিধিবদ্ধ বিদ্যমান নির্দেশবিধিগুলি কঠোরভাবে অনুপালন করবে।

(ii) 'ক্ষুদ্র অ্যাকাউন্ট'-এর ক্ষেত্রে, নির্ধারিত সীমা/ শর্তাদি লঙ্ঘন করা যাবে না এবং সেগুলির অনুপালনের বিষয়ে কঠোর নজরদারি চালাতে হবে। যদি কোনও গ্রাহক নির্ধারিত সীমার বাইরে কাজকর্ম করতে চায়, তাকে সেই মর্মে অনুমতি দেওয়া হবে কেবলমাত্র সাধারণ অ্যাকাউন্ট খোলার জন্য প্রয়োজনীয় শর্তাদির অনুপালনের সাপেক্ষে যার মধ্যে অন্তর্ভুক্ত আছে সিডিডি/কেওয়াইসি পদ্ধতি সম্পূর্ণ করা যা বিস্তারিত বিবৃত আছে পূর্ণাঙ্গ নির্দেশিকার ধারা 16/17-তে এবং ধারা 67-র বিধানসমূহে যার মধ্যে অন্তর্গত- ব্যাঙ্ক, এনবিএফসি ইত্যাদিতে অ্যাকাউন্ট খোলার সময় প্যান/ফর্ম 60-র উল্লেখ। যদি কোনও অ্যাকাউন্টে জমা/ব্যালান্স অনুমোদিত সীমার অধিক হওয়ার কারণে সেটি ক্ষুদ্র অ্যাকাউন্ট শ্রেণীভুক্ত হবার অযোগ্য বলে বিবেচিত হয়, সেক্ষেত্রে ক্ষুদ্র অ্যাকাউটের জন্য নির্ধারিত সীমার মধ্যে রাশিপ্রত্যাহারের অনুমতি দেওয়া যাবে যেখানে ঐরূপ সীমা লঙ্ঘিত হয়নি।

(iii) যে বিএসবিডি অ্যাকাউন্টগুলি (পিএমজেডিওয়াই অ্যাকাউন্টসমূহ বিএসবিডিএ-র সাথে সম্পর্কযুক্ত)- কেওয়াইসি বিধি অনুপালন করেনা সেগুলি ‘ক্ষুদ্র অ্যাকাউন্ট’ বলে বিবেচিত হবে এবং সেগুলি সেরকম অ্যাকাউন্টের ক্ষেত্রে প্রযোজ্য সীমাসমূহের শর্তাধীন থাকবে৷ একারণে, এরকম অ্যাকাউন্টগুলির ক্ষেত্রে সাধারণ ক্রিয়াশীলতার অনুমোদন প্রদান করার জন্য, উপরোক্ত (ii)-তে ব্যাখ্যা করা পদ্ধতির অনুপালন করতে হবে৷ যদি কোনও অ্যাকাউন্টে জমা/ব্যালান্স অনুমোদিত সীমার অধিক হওয়ার কারণে সেটি ক্ষুদ্র অ্যাকাউন্ট শ্রেণীভুক্ত হবার অযোগ্য বলে বিবেচিত হয়, সেক্ষেত্রে ক্ষুদ্র অ্যাকাউটের জন্য নির্ধারিত সীমার মধ্যে রাশিপ্রত্যাহারের অনুমতি দেওয়া যাবে যেখানে ঐরূপ সীমা লঙ্ঘিত হয়নি৷

(iv) কেওয়াইসি বিধি অনুপালন করা অ্যাকাউন্টগুলির ক্ষেত্রে যেখানে প্রয়োজনীয় সিডিডি পদ্ধতির অনুপালন করা হয়েছে, সেক্ষেত্রে আরই গুলিকে আই.টি. বিধি 114 B-র শর্ত অনুযায়ী ব্যাঙ্ক, এনবিএফসি ইত্যদিতে অ্যাকাউন্ট খোলা সহ সকল লেনদেনের ক্ষেত্রে প্যান উল্লেখ করা/ ফর্ম 60 সংগ্রহ করা নিশ্চিত করতে হবে৷ এমন কোনও হ্রাসমূলক লেনদেনের (ডেবিট ট্রানজাকশন) অনুমতি দেওয়া যাবে না, সেটি স্থানান্তরণ হোক অথবা অন্য কিছু হোক, যেটি উপরোক্ত প্রয়োজনসমূহের অনুপালন করেনা৷ প্রথম থেকে শুরু করে, এই নিয়মটি কঠোরভাবে সেই অ্যাকাউন্টগুলির ভিতরেই প্রযোজ্য থাকবে যেগুলি নিম্নবর্ণিত ন্যূনতম স্তরদুটির উভয়টিতে পৌঁছবে:

i. ব্যালান্স পাঁচ লক্ষ টাকা বা তার অধিক; এবং
ii. সর্বমোট রাশি (ইলেক্ট্রনিক অথবা অন্য উপায়ে জমা সহ) যা নভেম্বর 9, 2016-র পরে আমানত করা হয়েছে, দুই লক্ষ টাকা অতিক্রম করলে৷

3. স্পষ্টীকরণ করা হচ্ছে যে যেমনভাবে আয়কর বিধি 114 B-তে প্রদত্ত আছে সেভাবে পূর্ণাঙ্গ নির্দেশিকার ধারা 67-র বিধানসমূহে সরকার, কনসুলার কার্যালয় ইত্যাদির দ্বারা মঞ্জুর করার সাপেক্ষে অব্যাহতি প্রদানের ব্যবস্থা থাকবে৷

আপনার বিশ্বস্ত

(লিলি ভাদেরা)
মূখ্য মহাপ্রবন্ধক